গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০০০.০০.০০৯.২০১৫-৪২৭ তারিখ ঃ ১৩.০৯.২০১৫খ্রি:

বিষয়ঃ "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট আইন, ২০১৫" এর উপর আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ০৮.০৯.২০১৫ তারিখে অনুষ্ঠিত "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট আইন, ২০১৫" এর উপর আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল। সংশোধিত খসড়া "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট আইন, ২০১৫" এর উপর মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি ঃ ০৬ (ছয়) পাতা।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোন ঃ ৯৫৪৯৫৪০

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব তপন চন্দ্র বনিক, যুগ্মসচিব)।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব সাদিয়া শারমিন, উপ সচিব)।
৪. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মো: শওকত আকবর, যুগ্মসচিব)।
৫. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মো: মাহবুবুল ইসলাম, উপ সচিব)।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মাকছুমা আকতার, উপসচিব)।
৭. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব এ কে. এম. মুখলেছুর রহমান, উপ সচিব)।
৮. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: ড. মো: ওমর ফারুক, উপ সচিব)।
৯. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মৃত্যুঞ্জয় সাহা, উপসচিব)।
১০. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব খলিলুর রহমান কাগজী, উপসচিব)।
১২. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন/চিশিজ ও উন্নয়ন/আ:ব্য:ও অ:/হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (দৃ: আ: ডা: তাপস রঞ্জন দাস, উপ পরিচালক, (এমসিএইচ)।
১৫. মহাপরিচালক (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট) ও লাইন ডাইরেক্টর (হেলথ ইকোনোমিক্স এন্ড ফাইনান্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।

- পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

১৬. মহাসচিব, বিএমএ, বিএমএ ভবন, তোপখানা রোড, ঢাকা।
১৭. ডা. মাখদুমা নার্গিস, রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস ইন বাংলাদেশ প্রজেক্ট, বিএমআরসি ভবন, (২য় তলা), মহাখালী, ঢাকা।
১৮. যুগ্ম প্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৯. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রস্তাবিত খসড়া কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৫ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০০০.০০.০০৯.২০১৫-৪২৭/১(৫) তারিখ ঃ ১৩.০৯.২০১৫খ্রি:

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব

খসড়া

কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট আইন, ২০১৫

বাংলাদেশের গ্রামীন জনগণের দোড়গোড়ায় স্বাস্থ্যসেবা পৌছানোর উদ্দেশ্যে সরকারের পাশাপাশি বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে অর্থ সংগ্রহ ও ব্যবহার করিয়া স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে কমিউনিটি ক্লিনিক পরিচালনায় স্বাস্থ্যসেবা ট্রাস্ট গঠনের জন্য প্রণীত আইন।

যেহেতু, বাংলাদেশের গ্রামীণ এলাকায় বসবাসকারী জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট নামে একটি ট্রাস্ট গঠন করা সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু, সরকারের পাশাপাশি বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে অর্থ, স্থাবর/অস্থাবর সম্পত্তি সংগ্রহ ও ব্যবহার করিয়া কমিউনিটি ক্লিনিকগুলির স্বাস্থ্যসেবা স্থায়ী করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু , কমিউনিটি ক্লিনিকে বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের অংশীদারিত্ব তৈরি করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ।- (১) এই আইন "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট আইন, ২০১৫" নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "ট্রাস্ট" অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন গঠিত কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট;
(খ) "ট্রাস্টি বোর্ড" অর্থ এই আইনের অধীন গঠিত ট্রাস্টি বোর্ড;
(গ) "সভাপতি" অর্থ ট্রাস্টি বোর্ডের সভাপতি;
(ঘ) "তহবিল" অর্থ ধারা ১৩ এ উল্লিখিত ট্রাস্ট এর তহবিল;
(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
(চ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
(ছ) "সদস্য" অর্থ ট্রাস্টি বোর্ডের সদস্য;
(জ) "কমিউনিটি ক্লিনিক" অর্থ গ্রামীন জনগোষ্ঠীর সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার জন্য ইউনিয়ন পরিষদের ওয়ার্ড পর্যায়ে স্থাপিত কমিউনিটি ক্লিনিক বুঝাইবে এবং এই আইন প্রণয়নের পূর্বে যে সকল কমিউনিটি ক্লিনিক চালু হইয়াছে তাহাও এই আইনের আওতায় স্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(ঝ) "কমিউনিটি গ্রুপ" অর্থ কমিউনিটি ক্লিনিকের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, স্বাস্থ্য সেবায় জনগণের অংশগ্রহণ ও প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করিবার জন্য কমিউনিটি ক্লিনিকের আওতাভূক্ত গ্রাম/এলাকাসমূহের জনগণের মধ্য হইতে মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিউনিটি গ্রুপ;

(ঞ) "কমিউনিটি সাপোর্ট গ্রুপ" অর্থ কমিউনিটি ক্লিনিক পরিচালনায় কমিউনিটি গ্রুপকে সহযোগিতা এবং গ্রামীণ জনগণের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা নিশ্চিত করিবার জন্য স্বেচ্ছাপ্রণোদিত মহিলা, পুরুষ, কিশোর/কিশোরীসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিত্বকারী ব্যক্তিদের সমন্বয়ে গঠিত গ্রুপ;

(ট) "কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার" অর্থ কমিউনিটি ক্লিনিকে সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী;

(ঠ) "সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধিতে উল্লিখিত সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা;

৩। ট্রাস্ট গঠন।— (১) এই আইন বলবৎ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার এই আইনের বিধান অনুযায়ী কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট নামে একটি ট্রাস্ট গঠন করিবে।

(২) ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে। ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার, হস্তান্তর করিবার এবং চুক্তি করিবার ক্ষমতা থাকিবে। ইহা মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। ট্রাস্টের কার্যালয়।— (১) ট্রাস্টের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ট্রাস্টি বোর্ড, প্রয়োজনবোধে বাংলাদেশের যে কোন স্থানে ইহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। ট্রাস্টের লক্ষ্য ।- গ্রামীণ জনগোষ্ঠীর সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্যসেবা প্রদানে জনগণের অংশগ্রহন নিশ্চিতকরণ ।

৬। ট্রাস্টের উদ্দেশ্য।— ট্রাস্টের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা:-

(ক) ট্রাস্টের তহবিল ব্যবহার করিয়া গ্রামীণ জনগোষ্ঠীকে সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান;

(খ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সামগ্রী ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান;

(গ) কমিউনিটি ক্লিনিকের সাথে উপজেলা ও জেলা পর্যায়ের হাসপাতালের একটি কার্যকর রেফারেল পদ্ধতি প্রতিষ্ঠা; এবং

(ঘ) ট্রাস্টের অধীন ও ট্রাস্টে ন্যস্ত মানব সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা।

৭। সাধারণ পরিচালনা।- ট্রাস্টের পরিচালনা ও প্রশাসন ট্রাস্টি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ট্রাস্ট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে, ট্রাস্টি বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৮। ট্রাস্টের উপদেষ্টা পরিষদ।— ট্রাস্টের একটি উপদেষ্টা পরিষদ থাকিবে, যা সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা প্রণয়ন করিতে পারিবে।

৯। ট্রাস্টি বোর্ড গঠন।– (১) ট্রাস্টি বোর্ড নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত	- সভাপতি
(খ) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;	- সহ সভাপতি
(গ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি	- সদস্য
(ঘ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;	- সদস্য
(ঙ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর;	- সদস্য
(চ) ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড,	- সদস্য
(ছ) সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ;	- সদস্য
(জ) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি;	- সদস্য
(ঝ) সরকার কর্তৃক মনোনীত ২ জন বিশিষ্ট ব্যক্তি (অন্যুন ১ জন চিকিৎসক);	- সদস্য
(ঞ) ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট	-সদস্য সচিব

(২) উপ-ধারা (১) এর (ঝ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ বৎসর পর্যন্ত সদস্য পদে বহাল থাকিবেন।

১০। ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি।– ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) কমিউনিটি ক্লিনিক এলাকায় গ্রামের মানুষের নিরবচ্ছিন্ন সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য ব্যবস্থাপনা;

(খ) ট্রাস্টের তহবিলের জন্য অর্থ সংগ্রহ ও ব্যবহার;

(গ) ট্রাস্টের সকল স্থাবর/অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ;

(ঘ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেরা কর্মসূচী/কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ বেসরকারি সংস্থা এবং সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;

(ঙ) কমিউনিটি গ্রুপ এবং কমিউনিটি সাপোর্ট গ্রুপকে কার্যকর ও গতিশীল করা;

(চ) সরকার বা উপদেষ্টা পরিষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

১১। কমিটি।- (১) ট্রাস্টের কার্যক্রম পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড প্রয়োজনে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(২) ট্রাস্টি বোর্ড কমিটির সদস্য সংখ্যা নির্ধারণ করিবে।

১২। বোর্ড সভা।– (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিবে।

(২) বোর্ড সভা, সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব কর্তৃক আহূত হইবে এবং সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

প্রতি ৩ (তিন) মাসে বোর্ডের অনূন্য একটি সভা অনুষ্ঠিত হইবে। জরুরি প্রয়োজনে সভাপতি যে কোন সময় বোর্ডের সভা আহবান করিতে পারিবেন।

(৩) বোর্ডের সভায় কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অনূন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৪) বোর্ডের সভায় উহার প্রত্যেক সদস্যদের একটি করিয়া ভোট থাকিবে এবং সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

১৩। ট্রাস্টের তহবিল।– (১) ট্রাস্টের নামে একটি তহবিল থাকিবে এবং উহা নিম্নরূপ দুইটি অংশে বিভক্ত থাকিবে,

(ক) স্থায়ী তহবিল; এবং
(খ) চলতি তহবিল।

(২) উপ-ধারা (১) (ক) এর অধীনে গঠিত স্থায়ী তহবিল নিম্নবর্নিত অর্থ জমা হইবে; যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত এককালীন অর্থ ; এবং
(খ) উক্তরূপে জমাকৃত অর্থ হইতে প্রাপ্ত লভ্যাংশের সমূদয় বা অংশবিশেষ।

(৩) স্থায়ী তহবিলের অর্থ কোন তফশীল ব্যাংকে জমা রাখিতে হইবে এবং ব্যাংকের হিসাব ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

(৪) উপ-ধারা (১) এর দফা (খ) এর অধীন গঠিত চলতি তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত জাতীয় বাজেট হতে প্রাপ্ত অর্থ;
(খ) উপধারা (২) এর দফা (খ) এ জমাকৃত লভ্যাংশের সমুদয় অথবা অংশবিশেষ;
(গ) স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;
(ঘ) বিভিন্ন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের (ব্যাংক,বীমা) স্বেচ্ছাধীন আর্থিক সহায়তা;
(ঙ) প্রবাসীদের স্বেচ্ছাধীন আর্থিক সহায়তা;
(চ) সরকার অনুমোদিত দেশী ও বিদেশী উৎস হইতে প্রাপ্ত অর্থ;
(ছ) সমাজের বিত্তবান, শিল্পপতি, ব্যবসায়ী, পেশাজীবী ও অন্যান্য সংগঠনের নিকট হইতে প্রাপ্ত সেচ্ছাধীন অনুদান।

(৫) উপ-ধারা (৪) এ উল্লিখিত চলতি তহবিলের অর্থ যে কোন তফশীল ব্যাংকে একটি হিসাবে জমা রাখিতে হইবে এবং উক্তরূপ অর্থ ট্রাস্টের যে কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে ব্যয় করা যাইবে। চলতি তহবিলের ব্যাংক হিসাব ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

(৬) স্থানীয় পর্যায়ে সংগৃহীত অর্থ কমিউনিটি ক্লিনিকের ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে এবং ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

১৪। স্থাবর/অস্থাবর সম্পত্তি অর্জন।– (১) সমাজের বিত্তবান, শিল্পপতি ও ব্যবসায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত স্থাবর/অস্থাবর সম্পত্তি গ্রহণ করা যাইবে।

(২) কমিউনিটি ক্লিনিক স্থানীয় পর্যায়ে এইরূপ স্থাবর/অস্থাবর সম্পত্তি অনুদান হিসাবে গ্রহণ করিতে পারিবে।

১৫। ব্যবস্থাপনা পরিচালক।– (১) ট্রাস্টের একজন ব্যবস্থাপনা পরিচালক থাকিবেন।

(২) ব্যবস্থাপনা পরিচালক ট্রাস্টি বোর্ড কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি ট্রাস্টি বোর্ড কর্তৃক স্থিরীকৃত হইবে।
(৩) তিনি ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন এবং ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রদত্ত দায়িত্ব ও কার্যসম্পাদন করিবেন।

১৬। ট্রাস্টের কর্মকর্তা ও কর্মচারী ।- ট্রাস্ট ইহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগাঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী এই আইনের অধীন প্রণীত প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৭। বাজেট।– ট্রাস্টি বোর্ড প্রতি বৎসর নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিকট পেশ করিবে ।

১৮। হিসাবরক্ষণ ও নিরীক্ষা।– (১) ট্রাস্টি বোর্ড ইহার আয় ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।
(২) ট্রাস্টি বোর্ড প্রতি বৎসর ৩০শে জুনের পর পূর্ববর্তী অর্থবৎসরের সম্পাদিত কার্যাবলীর একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।
(৩) একটি নিবন্ধিত অডিট ফার্ম দ্বারা ট্রাস্টের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষা করিতে হইবে।

১৯। ক্ষমতা অর্পণ।– ট্রাস্টি বোর্ড এই আইন বা বিধির অধীন ইহার যে কোন ক্ষমতা, প্রয়োজনবোধে এবং নির্ধারিত শর্তে, সভাপতি বা অন্য কোন সদস্য, বা অন্য কোন কর্মকর্তার নিকট অর্পণ করিতে পারিবে।

২০। বিধি প্রণয়নের ক্ষমতা।– এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

২১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।– এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ট্রাস্টি বোর্ড , সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে, এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২২। সমাপ্ত প্রকল্প ও অপারেশনাল প্ল্যানের কার্যক্রম সংরক্ষণ।- (১) আপাতত: কোন বলবৎ অন্য কোন আইন বা কোন সমঝোতা স্মারক বা চুক্তি বা অন্য কোন দলিলে যাহাই থাকুক না কেন, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা ট্রাস্ট আইন কার্যকর হইবার পর -

(ক) ৩০জুন ২০১৫ এ সমাপ্ত "Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB)" প্রকল্পের আওতায় নির্মিত কমিউনিটি ক্লিনিকসহ সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ ট্রাস্টে ন্যস্ত হইবে;

(খ) স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় "Community Based Health Care" অপারেশনাল প্ল্যানের অধীন অনুমোদিত নিষ্পন্ন ও অনিষ্পন্ন সকল কার্যক্রম ট্রাস্টের কার্যক্রম হিসেবে গণ্য হইবে;

(গ) সকল ঋণ, দায়-দায়িত্ব, "Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB)" প্রকল্পের আওতায় সম্পাদিত সকল চুক্তি ট্রাস্টের সাথে সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(ঘ) স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় "Community Based Health Care" অপারেশনাল প্ল্যানে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারী এবং কমিউনিটি ক্লিনিকে কর্মরত সকল কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারের চাকুরী অপারেশনাল প্ল্যানের মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে ট্রাস্টে ন্যস্ত হইবে। তবে শর্ত থাকে যে, বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীদের যোগ্যতা পুন:যাচাই করত: উপযুক্ত পদে, শর্তে ও বেতনে নিযুক্ত করিবার ক্ষমতা ট্রাস্ট সংরক্ষণ করিবে।

২৩। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।–(১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।